বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র এডিপিভূক্ত উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের জুলাই/১৭ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের জুলাই/১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ২৮/০৮/২০১৭ তারিখে ব্রি'র সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. ভাগ্য রানী বণিক। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

২. উপস্থাপনঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিকল্পনা কর্মকর্তা জনাব মুঃ মুনিরুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

৩. বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ

গত ২৩/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে সভায় উপস্থিত কর্মকর্তাদের কারো কোন দ্বিমত/মন্তব্য/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

৪. বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

৪.১ ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে প্রতিটি প্রকল্পের অগ্রগতি শতভাগ অর্জনের লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে দরপত্র আহবান এবং কার্যাদেশ প্রদান সম্পন্ন করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।

৪.২ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষীদীঘা ও অন্যান্য স্থানীয় জাতের উপর গবেষণা করে উচ্চফলনশীল ধানের জাত উদ্ভাবন কার্যক্রমটি চলমান আছে। এক্ষেত্রে কাটারিভোগ, জেসমিন টাইপ, টেপি বোরো ও বোরো মৌসুমে বালাম ধানের জাত নিয়ে ড. তমাল লতা আদিত্য, সিএসও ও প্রধান উদ্ভিদ প্রজনন বিভাগ এবং আমন মৌসুমে গুটিনিয়াস ও বিরই ধানের জাত নিয়ে ড. আব্দুল কাদের গবেষণা করছেন বলে উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান মহাপরিচালক মহোদয়কে জানান। এছাড়াও ড. এস এম মাসুদুজ্জমান, সিএসও পরিচালক গবেষণার দপ্তর থেকে উদ্ভিদ প্রজনন বিভাগে যোগদান করে গভীর পানিতে চাষাবাদ উপযোগী গোপালগঞ্জ অঞ্চলের লক্ষীদীঘা, বাঁশিরাজ এবং সিলেট অঞ্চলের লালমোহন ধানের Pure Line নির্বাচন করে নতুন জাত উদ্ভাবন করতে এবং এই জাতগুলো ক্রসিং করে আরও উন্নত জাতের ধান উদ্ভাবন করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।

৪.৩ প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি এডিপি মাসিক সভায় উপস্থাপন করা হচ্ছে। এক্ষেত্রে এফএমপিএইচটি বিভাগ কর্তৃক উদ্ভাবনকৃত মিনি কম্বাইন হারভেস্টর দিয়ে ব্রি'র খামারের এবং গাজীপুরের ধীরাশ্রম এলাকায় আউশ ধান কর্তন করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।

৪.৪ বাংলাদেশে সুপার হাইব্রিড ধানের গবেষণার উপর সম্ভাব্যতা যাচাই এর লক্ষ্যে চীনের নিকট হতে উপকরণ এবং কারিগরি সহায়তা গ্রহণের জন্য যোগাযোগের ব্যাপারে মহাপরিচালক মহোদয় জানতে চাইলে হাইব্রিড রাইস বিভাগের বিভাগীয় প্রধান জানান যে, চীনের কারিগরি সহায়তায় ব্রি'তে চলমান প্রকল্পটি সমাপ্ত হওয়ার পর চীন ব্রি'র সাথে সুপার হাইব্রিড ধানের উপর গবেষণা করতে আগ্রহী।

৪.৫ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়নের লক্ষ্যে সকল বিভাগীয় প্রধান/আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে তাদের নিজ নিজ বিভাগ বা কার্যালয়ের জন্য প্রয়োজনীয় মালামাল/কার্যাদির চাহিদাপত্র প্রকল্প পরিচালকের নিকট অতি দ্রুত জমা দিতে আবারও মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।

৪.৬ মুজিব নগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প এবং পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প দুইটির সমাপ্তি প্রতিবেদন ইতোমধ্যে লীড এজেন্সির মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে বলে প্রকল্প পরিচালকদ্বয় সভাকে জানান।

৪.৭ পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় ফেজের প্রকল্প প্রস্তাব প্রস্তুত করা হয়েছে বলে প্রকল্প পরিচালক সভাকে জানান এবং প্রস্তাবটি আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.৮ আইএপিপি প্রকল্পের জনবলের মামলা সংক্রান্ত কার্যক্রম যথাযোগ্য গুরুত্ব দিয়ে পরিচালনা করা হচ্ছে।

৪.৯ মান সম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্পের অধীনে নির্মিত সকল স্থাপনা বিশেষত ট্রেনিং কমপ্লেক্স দ্রুত ঠিকাদারের নিকট থেকে ব্রি কর্তৃপক্ষের নিকট হস্তান্তর এখনও সম্পন্ন হয় নাই। এ কাজটি দ্রুত শেষ করে ভবনটি ব্যবহার শুরু করা প্রয়োজন মর্মে সভায় সকলে একমত হন।

৫ ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী জুলাই/১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-

৫.১.১ এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি'তে ০২টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। মোট এডিপি বরাদ্দ ১০১৯৭.০০ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি ৮৯১৫.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১২৮২.০০ লক্ষ টাকা। জুলাই/১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ১৭৮.৮০ লক্ষ টাকা; যা বরাদ্দের ১.৭৫% মাত্র। জিওবি বরাদ্দের ২.০১% (১৭৮.৮০% লক্ষ টাকা) এবং প্রকল্প সাহায্যের ক্ষেত্রে কোন ব্যয় হয় নাই। গত অর্থবছরে জুলাই/১৬ পর্যন্ত অগ্রগতি হয়েছিল ০.২৩% (১.৮০ লক্ষ টাকা) মাত্র। ২০১৭-১৮ অর্থবছরে ২টি প্রকল্পে মোট ৬৬টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তার মধ্যে ৩০টি দরপত্র আহবান এবং ২৯টি কার্যাদেশ প্রদান করা হয়েছে।

(ক) ২০১৭-১৮ অর্থ বছরে দরপত্র অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা		দরপত্র আহবান (সংখ্যায়)	কার্যাদেশ প্রদান (সংখ্যায়)
	সংখ্যায়	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		
উন্নয়ন প্রকল্প				
১. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প (নতুন প্রকল্প)	৬৬টি	৬৪৮০.৩৬	৩০টি	২৯টি
২. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি	-	-	-	-
মোট	৬৬টি	৬৪৮০.৩৬	৩০টি	২৯টি

(খ) ২০১৭-১৮ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	মোট বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) জুন/১৭পর্যন্ত)	জুলাই/১৭ পর্যন্ত অগ্রগতি	গত বছরের জুলাই/২০১৬ পর্যন্ত সময়ে অগ্রগতি	জুলাই/২০১৭ পর্যন্ত বাস্তব অগ্রগতি
			মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	
১. উন্নয়ন প্রকল্প					
১.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৮৫০০.০০ (৮৫০০.০০) (-)	৪২৫০.০০ (৫০.০০) ৪২৫০.০০ (৫০.০০) -	১৭৮.৮০ (২.১০) ১৭৮.৮০ (২.১০) -	- - -	৫%
১.২ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি প্রকল্প	১৬৯৭.০০ (৪১৫.০০) (১২৮২.০০)	- - -	- - -	- - -	৫%
মোট = ২টি প্রকল্প	১০১৯৭.০০ (৮৯১৫.০০) (১২৮২.০০)	৪২৫০.০০ (৫০.০০) ৪২৫০.০০ (৫০.০০) -	১৭৮.৮০ (১.৭৫) ১৭৮.৮০ (২.০১) -	- - -	-
২. রাজস্ব বাজেট					
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	১০৬৫৮.৩০ (১০৬৫৮.৩০) (-)	২৮২৮.৯৪ (২৬.৫৪) ২৮২৮.৯৪ (২৬.৫৪) -	৬৬৮.৪০ (৬.২৭) ৬৬৮.৪০ (৬.২৭) -	৩২৫.৬২ (৩.৬৯) ৩২৫.৬২ (৩.৬৯) -	১০০%
উপমোট	১০৬৫৮.৩০ (১০৬৫৮.৩০) (-)	২৮২৮.৯৪ (২৬.৫৪) ২৮২৮.৯৪ (২৬.৫৪) -	৬৬৮.৪০ (৬.২৭) ৬৬৮.৪০ (৬.২৭) -	৩২৫.৬২ (৩.৬৯) ৩২৫.৬২ (৩.৬৯) -	-
সর্বমোট (১+২)	২০৮৫৫.৩০ (১৯৫৭৩.৩০) (১২৮২.০০)	৭০৭৮.৯৪ ৭০৭৮.৯৪ -	৮৪৭.২০ (৪.০৬) ৮৪৭.২০ (৪.৩৩) -	৩২৫.৬২ (২.২১) ৩২৫.৬২ (২.২১) -	-

(গ) বিবিধঃ

১. নন-এডিপিভুক্ত প্রকল্পের প্রতিবেদন:

প্রকল্পের নাম: Transforming Rice Breeding Through Capacity Enhancement of BRRI (TRB-BRRI)
প্রকল্পের মেয়াদ কাল: ১ জানুয়ারী ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ (৪ বছর), প্রকল্পের মোট বরাদ্দ: ৩১৪০.০০ লক্ষ টাকা (একত্রিশ কোটি চল্লিশ লক্ষ টাকা মাত্র), ২০১৭-১৮ অর্থবছরের বরাদ্দ ৭১৫.০০ লক্ষ টাকা, ২০১৭-১৮ অর্থবছরের জুলাই/২০১৭ পর্যন্ত ব্যয় ৭৬.৫৮ লক্ষ টাকা (১০.৭১%), ২০১৭-১৮ অর্থবছরের জুলাই/২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১২১০.৫৮ লক্ষ টাকা (৩৮.৫৪%)।

২. হাওড় ও উত্তরাঞ্চলের বন্যা প্রবণ কৃষি এলাকায় কৃষি উপকরণ নিয়ে নতুন কর্মসূচি/প্রকল্প প্রস্তাব নিয়ে সভায় আলোচনা করা হয়। এক্ষেত্রে আঞ্চলিক কার্যালয় হবিগঞ্জ, রংপুর ও রাজশাহী কে অনুরোধ করা যেতে পারে

৬. সিদ্ধান্ত/সুপারিশঃ

ক্রঃ নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তাগণ
১.	২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে প্রতিটি প্রকল্পের অগ্রগতি শতভাগ অর্জনের লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে দরপত্র আহবান এবং কার্যাদেশ প্রদান সম্পন্ন করতে হবে।	সকল প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ, নির্বাহী প্রকৌশলী এবং সহকারী পরিচালক (সংগ্রহ)।
২.	২.১ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য স্থানীয় জাতের উপর গবেষণা কার্যক্রম আরো জোরদার করতে	পরিচালক (গবেষণা) এবং উদ্ভিদ প্রজনন বিভাগ।

ক্রঃ নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তাগণ
	হবে। এক্ষেত্রে বালাম, লক্ষ্মীদীঘা, দিনাজপুরের কাটারিভোগ এবং ময়মনসিংহের বিরই ও টেপি বোরোসহ বিভিন্ন জনপ্রিয় স্থানীয় ধানের উপর গবেষণা পরিচালনা করতে উদ্ভিদ প্রজনন বিভাগের বিভাগীয় প্রধানের তত্ত্বাবধানে অন্যান্য উর্ধ্বতন বিজ্ঞানীদের নিয়ে উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবন করতে হবে। পাশাপাশি গুটিনিয়াস এবং জেসমিন এর উপর গবেষণা কার্যক্রম আরও জোরদার করতে হবে।	
	২.২ আমন মৌসুমের কাটারিভোগ, টেপি বোরো ও বোরো মৌসুমে বালাম ধানের জাত এবং জেসমিন টাইপ এর উপর গবেষণা করতে হবে।	১. ড. তমাল লতা আদিত্য, সিএসও ও প্রধান, ২. ড. আব্দুল কাদের, এসএসও, ৩. ড. মোঃ রফিকুল ইসলাম, এসএসও এবং ৪. তাপস কুমার হোড়, এসও, উদ্ভিদ প্রজনন বিভাগ, ব্রি।
	২.৩ আমন মৌসুমে গুটিনিয়াস ও বিরই ধানের জাত নিয়ে গবেষণা করতে হবে।	১. ড. আব্দুল কাদের, এসএসও এবং ২. তাপস কুমার হোড়, এসও, উদ্ভিদ প্রজনন বিভাগ, ব্রি।
	২.৪ ড. এস এম মাসুদুজ্জমান, সিএসও পরিচালক গবেষণার দপ্তর থেকে উদ্ভিদ প্রজনন বিভাগে যোগদান করে গভীর পানিতে চাষাবাদ উপযোগী গোপালগঞ্জ অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ এবং সিলেট অঞ্চলের লালমোহন ধানের Pure Line নির্বাচন করে নতুন জাত উদ্ভাবন এবং এই জাতগুলো ক্রসিং করে আরও উন্নত জাতের ধান উদ্ভাবন করতে হবে।	১. ড. এস এম মাসুদুজ্জমান, সিএসও এবং ২. ড. তমাল লতা আদিত্য, সিএসও ও প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, ব্রি।
৩.	প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি এডিপি মাসিক সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালকগণ এবং বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ।
৪.	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়নের লক্ষ্যে সকল বিভাগীয় প্রধান/আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে তাদের নিজ নিজ বিভাগ বা কার্যালয়ের জন্য প্রয়োজনীয় মালামাল/কার্যাদির চাহিদাপত্র প্রকল্প পরিচালকের নিকট অতি দ্রুত জমা দিতে হবে।	প্রকল্প পরিচালক, সকল বিভাগীয় প্রধান/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ।
৫.	পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় ফেজের প্রকল্প প্রস্তাব আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালক, কৃষিতত্ত্ব বিভাগ এবং সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়।
৬.	আইএপিপি প্রকল্পের জনবলের মামলা সংক্রান্ত কার্যক্রম যথাযোগ্য গুরুত্ব দিয়ে পরিচালনা করতে হবে।	প্রশাসন বিভাগ ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৭.	মান সম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্পের অধীনে নির্মিত সকল স্থাপনা বিশেষত ট্রেনিং কমপ্লেক্স দ্রুত ঠিকাদারের নিকট থেকে ব্রি কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী এবং ঠিকাদার।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৮/১৭
(মুঃ মুনিরুল ইসলাম)
প্রধান পরিকল্পনা কর্মকর্তা

২৮/৮/১৭
(ড. ভাগ্য রানী বণিক)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

F:\Monthly Bangla Report 2\new Proceedings of ADP Meeting3.doc